

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পররাষ্ট্র মন্ত্রণালয়

এমআরপি শাখা

ঢাকা

নং- ১৯.০০.০০০০.৫৩০.৬১.০০০.১৭- ৬৪৬

২৩ অক্টোবর ২০১৯


বিষয় : ০১(এক) টি অফিসিয়াল MRP রি-ইস্যুকরণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের অনুবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের অফিস আদেশ নং- এডি-পি(৩)-০২৩১/৬৯৫, তারিখঃ ২৫ জুলাই ২০১৯ এর মাধ্যমে জনাব মোঃ আব্দুল হালিম, অফিস সহায়ক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-কে বাংলাদেশ দূতাবাস, বেইজিং, চীন এ নিরাপত্তা প্রহরী হিসেবে বদলীর প্রেক্ষিতে তিনি তার সহধর্মিণী, মিসেস্ শাহেদা বেগম এর অনুকূলে অফিসিয়াল MRP ইস্যুকরণের আবেদন করেন। পরবর্তীকালে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর থেকে জানানো হয় যে, তার সহধর্মিণী এর অনুকূলে ০১(এক) টি অফিসিয়াল MRP রয়েছে। জনাব মোঃ আব্দুল হালিম নিশ্চিত করেন যে, তার সহধর্মিণী, মিসেস্ শাহেদা বেগম এর অনুকূলে অফিসিয়াল MRP এর আবেদন করলেও উক্ত পাসপোর্ট টি তার হাতে পৌঁছায় নি এবং তিনি তার সহধর্মিণীসহ ট্রাভেল পারমিট নিয়ে বাংলাদেশে প্রত্যাবর্তন করেন (কপি সংযুক্ত)। এমতাবস্থায়, মিসেস্ শাহেদা বেগম এর অনুকূলে যদি কোন অফিসিয়াল MRP থেকে থাকে তা বাতিলপূর্বক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং- ৪৪.০০.০০০০.০৩৮.০১.০০১.১১.৭৬৬; তারিখঃ ২৪ মার্চ ২০১৬- এর ভিত্তিতে নতুন অফিসিয়াল MRP ইস্যুকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

নিম্নে তার প্রয়োজনীয় বিবরণ সন্নিবেশিত হ'ল :

SI No.	Name	Relation	Passport No.	Date of Issue	Date of Expiry
01	Shaheda Begum	Spouse	E 0038344	20 DEC 2010	19 DEC 2015

০২। বর্ণিতাবস্থায়, জনাব মোঃ আব্দুল হালিম এর সহধর্মিণীর অনুকূলে অফিসিয়াল MRP ইস্যু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
23.10.19

(মোসাঃ আশিফা আশরাফ)

সহকারী সচিব (এমআরপি)

ফোন : ০২-৯৫৭৪০৫৫

ই-মেইল : [asmrp@mofa.gov.bd](mailto:asmrp@mofa.gov.bd)

পরিচালক

বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস


আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. পরিচালক (সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

৩. অফিস কপি।

  
23.10.19

(মোসাঃ আশিফা আশরাফ)

সহকারী সচিব (এমআরপি)